

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-১৭০-আইন/আয়কর/২০২৩।—সরকার, Income-tax Ordinance (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)–তে প্রদত্ত ক্ষমতাবলে, রপ্তানি হইতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আয়কর অব্যাহতি বা, ক্ষেত্রমত, হ্রাস করিয়া প্রদেয় আয়করের হার নিম্নবর্ণিতভাবে ধার্য করিল, যথা:-

- (ক) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকিবে এবং অন্যান্য করদাতাদের অর্জিত আয়ের উপর ১২%; এবং
- (খ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হইতে অর্জিত আয়ের উপর ১০%।

শর্তাবলি:

- (অ) রপ্তানিকারককে করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)-ধারী হইতে হইবে;
- (আ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(ই) কোনো আয়বর্ষে (income year) পরিবেশ সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘনের দায়ে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক অর্থাৎ আরোপিত হইলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধযোগ্য হইবে।

২। সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না।

৩। উক্ত Ordinance এর কোনো বিধান বা অন্য কোনো প্রজ্ঞাপনের অধীন কোনো করদাতা হ্রাসকৃত হারে কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হইলে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবেন না।

৪। ১ জুন ২০২২ তারিখ জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৫৮-আইন/আয়কর/২০২২ এতদ্বারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে এবং ৩০ জুন ২০২৮ পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।